দৈনিক
ইত্তেফাক

দিন .... 3 FEB 2009
পৃ. ৩ কলাম ৭

# তিতুমীর কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ॥ আহত ৭

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সরকারি তিতুমীর কলেজে গতকাল সোমবার দুপুরে ছাত্রলীগের দুইটি গ্রুপের মধ্যে সংঘর্ষে কয়েকজন গুরুতর আহত হয়। আহতদের প্রথমে মহাখালী মেট্রোপলিটন হাসপাতালে ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত পার্ট-২ এর একটি চূড়ান্ত পরীক্ষা শেষে দুপুর সোয়া একটার দিকে এই সংঘর্ষ বাধে।

কলেজ সূত্র জানায়, ছাত্রলীগের একটি গ্রুপের সহায়তায় বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর ছাত্রদলের কিছু কর্মী নিজেদের ছাত্রলীগের কর্মী বলে প্রচার শুরু করে। এ নিয়ে ছাত্রলীগের কর্মীদের মধ্যে কোন্দল চলছিল। সরস্বতী পূজার দিন কলেজ অডিটরিয়ামে পূজা মঞ্চে ওঠা নিয়েও এ দুই গ্রুপের মধ্যে হালকা সংঘর্ষ হয়। গত ৩/৪ দিন আগে ছাত্রলীগের একটি.গ্রুপ সুবিধাভোগি নব্য ছাত্রলীগ. কর্মী ও তাদের আশ্রয়দাতাদের ক্যাম্পাসে প্রবেশ করতে নিষেধ করে।

গতকাল দুপুরে এরা দলবল নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করে। এসময় ছাত্রলীগ কর্মীরা লাঠি ও রামদা হাতে নিয়ে নব্য ছাত্রলীগ কর্মী ও তাদের প্রশ্রয় দাতাদের ধাওয়া করে। এনিয়ে দুই গ্রুপের ছাত্রদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এতে ৬/৭জন ধারালো অস্ত্রের আঘাতে আহত হন। আহতরা হলেন, ইসমাইল, নিয়ন, মামুন, শিফাত ও প্রিতম। ঘটনার সময়ে ক্যাম্পাসে উপস্থিত পুলিশের নিষ্ক্রিয়তার অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে ঘটনার সময় উপস্থিত গুলশান থানার এস আই লোকমান হোসেন বলেন, আমরা অবস্থান করছিলাম কলেজ গেটের বাইরে আর সংঘর্ষ হয়েছে কলেজের অভ্যন্তরে। ফলে পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলেও তাৎক্ষণিক আমাদের কিছু করার ছিল না।